



৩০০

(একই আরক ও তারিখে প্রতিস্থাপিত)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

আরক নং-চুয়েট/কোঅর্ডিনেশন-১৮/২৯৪৫

০৯ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৫ খ্রি:

ঃ ২৩তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে এবং বিশ্ববিদ্যালয় দিবস উদযাপনের নিমিত্তে গঠিত কমিটির গত ১০ আগস্ট, ২০২৫ খ্রি: তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি: তারিখ, সোমবার, ২৩তম বিশ্ববিদ্যালয় দিবস যথাযথভাবে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। দিবসটি পালনের জন্য নিম্নবর্ণিত কর্মসূচির আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানমালায় সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

ক্রম.	কর্মসূচি	স্থান	তারিখ ও সময় (০১/০৯/২০২৫ খ্রি.)
১.	বিশ্ববিদ্যালয় পতাকা ও জাতীয় পতাকা উত্তোলন	উপাচার্য অফিস ভবনের সামনে থেকে	সকাল ১০:৪০ ঘটিকা
২.	আনন্দ র্যালি	উপাচার্য অফিস ভবনের সামনে থেকে	সকাল ১০:৪৫ ঘটিকা
৩.	বৃক্ষরোপণ কর্মসূচি	কেন্দ্রীয় অডিটোরিয়াম সংলগ্ন এলাকা	সকাল ১০:৫৫ ঘটিকা
৪.	চুয়েটের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শন	কেন্দ্রীয় অডিটোরিয়াম, চুয়েট	সকাল ১১:০০ ঘটিকা
৫.	আলোচনা সভা ও ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান	কেন্দ্রীয় অডিটোরিয়াম, চুয়েট	সকাল ১১:১৫ ঘটিকা
৬.	রিফ্রেশমেন্ট	কেন্দ্রীয় অডিটোরিয়াম, চুয়েট	সুবিধাজনক সময়ে
৭.	রক্তদান কর্মসূচি (সহযোগিতায়: মিন ফর পিস)	মেডিকেল সেন্টার, চুয়েট	সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৫:০০ ঘটিকা
৮.	প্রীতি ফুটবল ম্যাচ (কর্মকর্তা বনাম কর্মচারী)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট	বিকাল ০৩:০০ ঘটিকা
৯.	প্রীতি ফুটবল ম্যাচ (শিক্ষক বনাম ছাত্র)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট	বিকাল ০৪:০০ ঘটিকা
১০.	পুরস্কার বিতরণ	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট	বিকাল ০৫:১৫ ঘটিকা
১১.	সাংস্কৃতিক অনুষ্ঠান	কেন্দ্রীয় অডিটোরিয়াম, চুয়েট	সন্ধ্যা ৬:০০ ঘটিকা - রাত ৮:০০ ঘটিকা

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

২৪/০৮/২০২৫
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- সকল ডীন/সকল পরিচালক/ সকল বিভাগীয় প্রধান/ সকল প্রভোস্ট/ সকল অফিস প্রধান/ সকল শাখা প্রধান, চুয়েট (বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের বিভাগের সংশ্লিষ্ট সকলের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে)।
- পরিচালক, আইআইসিটি এবং সিস্টেম এনালিস্ট, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি প্রচারের স্বার্থে চুয়েটের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- প্রধান প্রকৌশলী, চুয়েট (উক্ত দিবসে কেন্দ্রীয় অডিটোরিয়ামে নিরবিচ্ছিন্নভাবে প্রয়োজনীয় সাউন্ড সিস্টেম ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি/স্টাফ এসোসিয়েশন, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব।
- নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (উক্ত অনুষ্ঠানের নিমিত্তে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, অডিটোরিয়াম প্রস্তুতকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, আসন ব্যবস্থা সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সিনিয়র পেশ ইমাম, চুয়েট (অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত ও দোয়া অনুষ্ঠান পরিচালনার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- পিএস টু ভিসি, চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- সেকশন অফিসার, রেজিস্ট্রার অফিস, চুয়েট (রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- সংরক্ষণ নথি।

Benjis

২৪/০৮/২০২৫
(মোহাম্মদ ফারুকুর রহমান)
উপ-পরিচালক (জনসংযোগ)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।